# উপজেলা ইনোভেশন টিমের অক্টোবর ২০১৯ মাসের সভার কার্যবিবরণী :

সভাপতি : জনাব নাসরিন আক্তার, উপজেলা নির্বাহী অফিসার, রূপসা, খুলনা।
সভার তারিখ : ১৪/১০/২০১৯ খ্রিঃ, বেলা : ১১.০০ ঘটিকা ।
সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, রূপসা, খুলনা।

সভায় উপস্থিত সদস্যগণের হাজিরা পরিশিষ্ট - ক

সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অত্র উপজেলার চলমান ইনোভেশন প্রকল্পগুলো নিয়ে গঠন মূলক আলোচনা করা হয়। অতঃপর সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্ন বর্ণিত সিদ্ধান্ত সমূহ গ্রহণ করা হয়।

ইনোভেশন - ০১।

## খুলনা জেলার রূপসা উপজেলাধীন অঠারোবেকী নদীর দুই পাড়ের (২০+২০) = ৪০ কিঃমিঃ ব্যাপি ইকোপার্ক নির্মাণ কার্যক্রম পরিচালনার কর্মপরিকল্পনা।

অগ্রগতি: রূপসা উপজেলাধীন অঠারোবেকী নদীর দুই পাড়ের ইকোপার্ক নির্মাণ কার্যক্রম পরিচালনার অংশ হিসেবে ২০ লক্ষ বিভিন্ন প্রজাতির গাছের চারা রোপন কার্য চলমান রয়েছে। এলক্ষ্যে বিশেষ করে বটবৃক্ষ রোপনকে অগ্রাধিকার দিতে অন্ততঃ ২০ হাজার বটের চারা সংগ্রহ করতে বন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। বিভিন্ন সরকারি, বেসরকারি এবং ব্যক্তিগত পুরনো স্থাপনার উপর অসংখ্য বটের চারা জন্ম নেয়ায় উক্ত স্থাপনা গুলির স্থায়িত্ব মারাত্মক ভাবে ক্ষতিগ্রস্থ হয়ে স্বল্প সময়ে বসবাসের অনুপেযোগী হয়ে যাচ্ছে। ফলে পুনরায় প্রচুর টাকা ব্যয় পূর্বক নুতন বিল্ডিং তৈরী করতে হচ্ছে। যা দেশীয় অর্থনীতির জন্য চরম ক্ষতিকর। উক্ত সমস্যা সমাধান কল্পে বিভিন্ন বিল্ডিং/স্থাপনায় জন্ম নেয়া বটবৃক্ষের চারা উত্তোলন পূর্বক উক্ত চারগুলি অঠারোবেকী নদীর দুই ধারে রোপন করার জন্য সকলকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে : ১। উপজেলা নির্বাহী অফিসার, রূপসা, খুলনা। ২। বন কর্মকর্তা।

সিদ্ধান্ত : নদী খনন কার্যক্রম সমাপ্ত হওয়া সাপেক্ষে জুন ২০২০ সালের ভিতর উক্ত কর্মপরিকল্পনা সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহিত হয়।

ইনোভেশন - ০২ ।

## খুলনা জেলার রূপসা উপজেলাধীন ৫ নং ঘাটভোগ ইউনিয়নের সিন্দুর ডাঙ্গা গ্রামকে বেকারমুক্ত গ্রাম ঘোষনা পাইলট প্রকল্প।

অগ্রগতি: খুলনা জেলার রূপসা উপজেলধীন ৫নং ঘাটভোগ ইউনিয়নের সিন্দুরডাঙ্গা গ্রামের ডাটাবেজ তৈরির মাধ্যমে শিক্ষাগত যোগ্যতা ভিত্তিতে, নিজস্ব সম্পদ বিবেচনায়, চাহিদা ভিত্তিক প্রশিক্ষণের মাধ্যমে, ঋণ প্রদান করে, বেসরকারি কোম্পানীতে চাকুরী প্রদানের মাধ্যমে, সকলের উৎপাদিত পণ্য বাজারজাত করণে সহায়তা প্রদানের মাধ্যমে এবং হাঁস,মুরগি, গরু পালনে উদ্বুদ্ধ করণের মাধ্যমে গ্রামের প্রায় সকলকে বেকার ও দারিদ্র মুক্ত করার পাইলট প্রকল্প গৃহীত হয়।

বাস্তবায়নে : মোঃ আবু বকর মোল্লা, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, রূপসা, খুলনা।

সিদ্ধান্ত : সভায় উক্ত প্রকল্পের কাজ জুন ২০২০ সালের মধ্যে সমাপ্ত করার সিদ্ধন্ত গৃহিত হয়।

ইনোভেশন - ০৩ ।

## রূপসা উপজেলার সেচ্ছাসেবী নারী সংগঠনের উন্নয়ন ।

অগ্রগতি : সেচ্ছাসেবী নারী সংগঠনের সদস্যদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন। পাশাপাশি তাদের মধ্যে সচেতনতা বৃদ্ধি করা।

বাস্তবায়নে : তাহিরা খাতুন, উপজেলা মহিলা বিষয়ক অফিসার, রূপসা, খুলনা।

সিদ্ধান্ত : সভয় উক্ত প্রকল্পের কাজ জুন ২০২০ সালের মধ্যে সমাপ্ত করার সিদ্ধন্ত গৃহিত হয়।

ইনোভেশন - ০৪ ।

## খুলনা জেলার রূপসা উপজেলার আইচগাতী ইউনিয়নে অগভীর নলকূপের পানির আর্সেনিক পরীক্ষা করার পরিকল্পনা।

অগ্রগতি : রূপসা উপজেলাধীন আইচগাতী ইউনিয়নের সকল ওয়ার্ড গুলোতে পর্যায়ক্রমে অগভীর নলকূপের পানির আর্সেনিক পরীক্ষা করার পরিকল্পনা সম্পন্ন করা।

বাস্তবায়নে : রুনা আক্তার সুমি, সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য ও প্রকৌশল অধিদপ্তর, রূপসা, খুলনা।

সিদ্ধান্ত : সভয় উক্ত কার্যক্রম দ্রুত সম্পন্ন করার সিদ্ধন্ত গৃহিত হয়।

ইনোভেশন - ০৫ ।

## ভায়া টেস্টের উদ্ধুদ্ধকরণ।

অগ্রগতি : কিশোরীদের জরায়ু ও স্তন ক্যান্সার প্রতিরোধের ভয়া টেস্ট বিষয় অবহিতকরণ, কর্মশালার আয়োজন করা।

বাস্তবায়নে : মোঃ রাশেদুল বশির খান, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রূপসা, খুলনা।

সিদ্ধান্ত : সভায় উক্ত কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।

ইনোভেশন - ০৬ ।

## ইউনিয়ন ভিত্তিক চিংড়ি চাষী সমিতি গঠন।

অগ্রগতি : রূপসা উপজেলাধীন প্রতিটি ইউনিয়নে চিংড়ি চাষীদের ক্লাষ্টার গঠণ, সমিতির মাধ্যমে চাষ সম্প্রসারণ করা হবে।
বাস্তবায়নে : সরদার জুলফিকার আলী, উপজেলা মৎস্য কর্মকর্তা, রূপসা, খুলনা।
সিদ্ধান্ত : সভায় উক্ত কার্যক্রম চলমান রাখা ও দ্রুত সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

ইনোভেশন - ০৭ ।

## উচ্চমূল্য ফসল তরমুজের আবাদ সম্প্রসারণ।

অগ্রগতি : রূপসা উপজেলার প্রতিটি ইউনিয়নে উচ্চমূল্য ফসল তরমুজের আবাদ সম্প্রসারণের লক্ষ্যে বী জও সার বিতরণ সম্পর্কে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।
বাস্তবায়নে : মোঃ ফরিদ উজ্জামান, উপজেলা কৃষি অফিসার, রূপসা, খুলনা।
সিদ্ধান্ত : সভায় উক্ত কৃষি ঋন প্রদান কার্যক্রম অব্যহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।

ইনোভেশন - ০৮ ।

## গবাদী পশু হৃষ্ট পুষ্ট করণ ও কসাইদের প্রশিক্ষণ প্রদান।

অগ্রগতি : রূপসা উপজেলাধীন টিএসবি ইউনিয়নে গবাদী পশু হৃষ্ট পুষ্ট করণ ও নিজ দপ্তরে কসাইদের প্রশিক্ষণ প্রদন করা হচ্ছে।
বাস্তবায়নে : ডাঃ বঙ্কিম কুমার হালদার, উপজেলা প্রাণি সম্পদ অফিসার, রূপসা, খুলনা।
সিদ্ধান্ত : সভায় উক্ত কার্যক্রম চলমান রাখা ও দ্রুত সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

ইনোভেশন - ০৯।

## রূপসা উপজেলার মৃৎ শিল্পের ও আদিবাসীদের উন্নয়ন প্রদান ।

অগ্রগতি : (১) নিবিড় পরিচর্যার মাধ্যমে রূপসা উপজেলা আদিবাসী উন্নয়ণ বহুমুখী সমবায় সমিতি লিঃ কে টেকসই ও সফল সমবায় সমিতি হিসাবে রূপান্তর করা। (২) আমদাবাদ মৃৎ শিল্প সমবায় সমিতি লিঃ, নিবিড় পরিচর্যা ও আধুনিক যন্ত্রপাতি ব্যবহারের মাধ্যমে মৃৎ শিল্পের বিভিন্ন পণ্য উৎপাদনের আগ্রহ সৃষ্টি করা।
বাস্তবায়নে : প্রশান্ত কুমার ব্যানার্জী, উপজেলা সমবায় অফিসার রূপসা, খুলনা।
সিদ্ধান্ত : সভায় উক্ত কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।

ইনোভেশন - ১০।

## রূপসা উপজেলার দলিত হরিজন জনগোষ্ঠির কর্মক্ষেত্র ও জীবনমানের উন্নয়ন।

অগ্রগতি : সমাজের সবচেয়ে অবহেলিত পিছিয়ে পড়া জনগোষ্ঠি দলিত হরিজন সম্প্রদায় যারা শিক্ষা, প্রশিক্ষণ, যুগোপযোগী দক্ষতার অভাবে আরো পিছিয়ে যাচ্ছে। এদেরকে ১। প্রয়োজনীয় শিক্ষা ২। ক্ষেত্রমতো প্রশিক্ষল ৩। কাঙ্খিত দক্ষতা ৪। কর্মসংস্থান সৃষ্টি ও ৫। প্রয়োজনে পেশা পরিবর্তন করে জীব মানের উন্নয়ন করা।
বাস্তবায়নে : প্রবীর রায়, উপজেলা সমাজ সেবা অফিসার, রূপসা, খুলনা।
সিদ্ধান্ত : সভায় উক্ত কার্যক্রম চলমন রাখা ও আরো বেগমান করার সিদ্ধান্ত গৃহিত হয়।

ইনোভেশন - ১১।

## আইসিটি, সাংস্কৃতিক বিতর্ক ও খেলাধুলায় পারদর্শী করে ছাত্র-ছাত্রীদের গড়ে তোলা।

অগ্রগতি : রূপসা উপজেলার সকল মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের আইসিটিতে দক্ষতা, সাংস্কৃতিক অঙ্গন, বিতর্ক ও খেলাধুলায় পারদর্শী করে গড়ে তোলা হবে।
বাস্তবায়নে : আইরিন পারভীন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রূপসা, খুলনা।
সিদ্ধান্ত : সভায় উক্ত কার্যক্রম চলমান রাখা ও আরো বেগবান করার সিদ্ধান্ত গৃহীত হয়।

ইনোভেশন - ১২।

**পল্লী উন্নয়ন দপ্তর থেকে বিভিন্ন প্রকল্পে প্রদত্ত ঋণদান প্রক্রিয়া সহজীকরন।**

অগ্রগতি : রূপসা উপজেলার সকল ইউনিয়নে পল্লী উন্নয়ন দপ্তর থেকে বিভিন্ন প্রকল্পে প্রদত্ত ঋণদান প্রক্রিয়া সহজীকরণের কার্যক্রম বাস্তবায়নের প্রক্রিয়া ও মনিটরিং কার্যক্রম চলমান রয়েছে।

বাস্তবায়নে : এম. রুবাইয়াৎ আল আজাদ, উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, রূপসা, খুলনা।

সিদ্ধান্ত : ঋণের অর্থ সঠিক খাতে ব্যবহারের জন্য ঋণ দান কার্যক্রম বাস্তবায়নের প্রক্রিয়া ও মনিটরিং কার্যক্রম চালু রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।

ইনোভেশন - ১৩।

**মা ও শিশুদের স্বাস্থ্য সেবা প্রদান।**

অগগতি : রূপসা উপজেলাধীন সকল ইউনিয়নের কমিউনিটি ক্লিনিকে গর্ভবতী মায়েদের উচ্চতা, ওজন নির্ণয় করে উক্ত মায়েদের আয়রন ও ফলিক এসিড প্রদান। পাশাপাশি শিশুদের পুষ্টি সম্পর্কে কাউন্সিলিং প্রদান করা হচ্ছে।।

বাস্তবায়নে : ডাঃ গাজী রফিকুল ইসলাম, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রূপসা, খুলনা।

ইনোভেশন - ১৪।

**ভোটার স্থানান্তর প্রক্রিয়া সহজীকরণ।**

অগ্রগতি : স্থানান্তর জনিত কারনে নমুন (ফরম-১৩) প্রতি ইউনিয়নের তথ্য সেবা কেন্দ্রে প্রেরণ করা হচ্ছ।

বাস্তবায়নে : মোল্লা নাসির আহমেদ, উপজেলা নির্বাচন অফিসার, রূপসা, খুলনা।

সিদ্ধান্ত : সভায় উক্ত কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

ইনোভেশন - ১৫।

**সামাজিক নিরাপত্তামূলক সেবাসমূহের ডিরেক্টরি।**

অগ্রগতি : তথ্য সংগ্রহ এবং প্রাথমিক কার্যক্রম সম্পন্ন হয়েছে।

বাস্তবায়নে : নাসরিন আক্তার, উপজেলা নির্বাহী অফিসার, রূপসা, খুলনা।

সিদ্ধান্ত : সভায় উক্ত কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।

ইনোভেশন - ১৬।

**রূপসা ভিপি ডিরেক্টরি**

অগ্রগতি : তথ্য সংগ্রহ এবং প্রাথমিক কার্যক্রম সম্পন্ন হয়েছে।

বাস্তবায়নে : সুস্মিতা সাহা, সহকারী কমিশনার (ভূমি), রূপসা, খুলনা।

সিদ্ধান্ত : সভায় উক্ত কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।

(নাসরিন আক্তার)
উপজেলা নির্বাহী অফিসার
রূপসা, খুলনা।

নং : ০৫.৪৪.৪৭৭৫.০০০.১২.০০৩.১৯ - ৩৮৩ (১৫)

তারিখ : ৬/১১/১৯ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

১। জেলা প্রশাসক, খুলনা।
২। উপজেলা ---------------------------- অফিসার, রূপসা, খুলনা।
৩। অফিস কপি।

( নাসরিন আক্তার )
উপজেলা নির্বাহী অফিসার
রূপসা, খুলনা।

সভায় উপস্থিত সদস্যগণের হাজিরা পরিশিষ্ট "ক"

১। সুস্মিতা সাহা, সহকারী কমিশনার (ভূমি), রূপসা, খুলনা।

২। ডাঃ গাজী রফিকুল ইসলাম, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রূপসা, খুলনা।

৩। মোঃ ফরিদ উজ্জামান, উজেলা কৃষি অফিসার, রূপসা, খুলনা।

৪। ডাঃ বঙ্কিম কুমার হালদার, উপজেলা প্রাণি সম্পদ অফিসার, রূপসা, খুলনা।

৫। সরদার জুলফিকার আলী, উপজেলা মৎস্য কর্মকর্তা, রূপসা, খুলনা।

৬। প্রশান্ত কুমার ব্যানার্জী, উপজেলা সমবায় অফিসার, রূপসা, খুলনা।

৭। আইরিন পারভীন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রূপসা, খুলনা।

৮। প্রবীর রায়, উপজেলা সমাজ সেবা অফিসার, রূপসা, খুলনা।

৯। মোঃ আবু বকর মোল্লা, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, রূপসা, খুলনা।

১০। তাহিরা খাতুন, উপজেলা মহিলা বিষয়ক অফিসার, রূপসা, খুলনা।

১১। এম. রুবাইয়াৎ আল আজাদ, উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, রূপসা, খুলনা।

১২। মোঃ রাশেদুল বশির খান, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রূপসা, খুলনা।

১৩। রুনা আক্তার সুমি, সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য ও প্রকৌশল অধিদপ্তর, রূপসা, খুলনা।

১৪। মোল্লা নাসির আহমেদ, উপজেলা নির্বচন অফিসার, রূপসা, খুলনা।